

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৩৪

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ (৩) যাকাতের ফযীলত - যে ব্যক্তি সালাত আদায় করা এবং রক্ত সম্পর্ক বজায় রাখার সাথে সাথে যাকাত প্রদান করবে, তার জন্য জান্নাত ওয়াজিব হওয়া প্রসঙ্গে বর্ণনা

3 _ بَابُ فَضْلِ الزَّكَاةِ _ ذِكْرُ إِيجَابِ الْجَنَّةِ لِمَنْ آتَى الزَّكَاةَ مَعَ إِقَامَةِ الصَّلَاةِ وَصِلَتِهِ الرَّحِمَ الرَّحِمَ

আরবী

3234 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ الْعَبْدِيُّ أَخْبَرَنَا شُعْبَةُ عَنْ عُثْمَانَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ مَوْهَبٍ عَنْ مُوسَى بْنِ طَلْحَةَ: عَنْ أَبِي أَيُّوبَ الْأَنْصَارِيِّ: أَنَّ رَجُلًا أَتَى عَبْدِ اللَّهِ بْنِ مَوْهَبٍ عَنْ مُوسَى بْنِ طَلْحَةَ: عَنْ أَبِي أَيُّوبَ الْأَنْصَارِيِّ: أَنَّ رَجُلًا أَتَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عليه وسلم فقال: حَدِّثْنِي بِعَمَلٍ يُدْخِلُنِي الْجَنَّةِ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (اعْبُدِ اللَّهَ لَا تُشْرِكُ بِهِ شَيْئًا وَتُقِيمُ الصَّلَاةَ وَتُونِي الزَّكَاةَ وَتَصِلُ الرَّحِمَ دَرها) ـ يعنى الناقة ـ درها) ـ يعنى الناقة ـ

الراوي : أَبُو أَيُّوبَ الْأَنْصَارِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3234 ا خلاصة حكم المحدث: صحيح _ ((الترغيب)) (3/ 224): ق.

বাংলা

৩২৩৪. আবূ আইয়ূব আল আনসারী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে এসে বলেন, আমাকে এমন একটি আমলের কথা বলুন, যা আমাকে জান্নাতে প্রবেশ করাবে।" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "তুমি আল্লাহর উপাসনা করবে, তাঁর সাথে কোন কিছু শরীক করবে না। সালাত প্রতিষ্ঠা করবে, যাকাত প্রদান করবে এবং রক্ত সম্পর্ক বজায় রাখবে। এখন আমার উদ্ধীর লাগাম ছেড়ে দাও।"[1]

ফুটনোট



[1] তাবারানী আল কাবীর: ৩৯২৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তারগীব: ৩/২২৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ আইয়ুব আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন